

নগর সংস্কৃতি

আজ শুরু হচ্ছে প্রথম সার্ক বইমেলা
আগামীকাল বাঁশী সন্ধ্যা

ইত্তেফাক রিপোর্ট ॥ আজ বৃহস্পতিবার ঢাকায় ৪ দিনব্যাপী প্রথম সার্ক বইমেলা শুরু হবে। সকাল ১০টায় শিল্পকলা একাডেমীর নবনির্মিত জাতীয় চিত্রশালা ভবনে সৃজনশীল প্রকাশক সমিতি আয়োজিত এই বইমেলায় উদ্বোধন করবেন সংস্কৃতি প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমান। সার্ক বুক ডেভেলপমেন্ট কাউন্সিলের সাধারণ সম্পাদক এস কে ধাই, পাকিস্তান প্রকাশক ও পুস্তক বিক্রেতা সমিতির প্রধান পৃষ্ঠপোষক ইকবাল চিমা, গ্রীলংকার পুস্তক প্রকাশক সমিতির প্রতিনিধি এসসি তানিয়াচি, বাংলাদেশ সৃজনশীল প্রকাশক সমিতির নির্বাহী পরিচালক মজিবর রহমান বোকা অনুষ্ঠানে বক্তৃতা করবেন। সভাপতিত্ব করবেন সার্ক বুক ডেভেলপমেন্ট কাউন্সিলের সভাপতি মফিজুল হক। দুই বক্তব্য পাঠ করবেন বিশিষ্ট প্রকাশক মহিউদ্দীন আহমেদ। মেলায় দেশী-বিদেশী ৫০টি টল থাকবে। সিরডাপ মিলনায়তনে বই বিষয়ক সেমিনার

অনুষ্ঠিত হবে।
বাঁশী সন্ধ্যা
২৭শে নোবেম্বর ঢাকা শেরাটনের উইটার পার্ভেনে আন্তর্জাতিক ব্যাতিসম্পন্ন বংশীবাদক উত্তম চক্রবর্তী একক বাঁশী সন্ধ্যার আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্যোগ যোগাযোগ মন্ত্রী ডঃ আব্দুল নঈম বান।
মাফকুহা চৌধুরী স্বরণে
প্রয়াত কথাসাহিত্যিক, সাংবাদিক মাফকুহা চৌধুরী স্বরণে আজ জাতীয় প্রেসক্লাবের ভিআইপি হাউসে এক আলোচনা সভার আয়োজন করা হয়েছে। লেখিকা সংখ্যক উদ্যোগে বিকেল সাড়ে ৫টায় এই অনুষ্ঠানে ডঃ আশরাফ সিদ্দিকী, করি জাহানারা আরজু, ফকল শাহাবুদ্দীন, শবনম মুশতারী, বেগম খর্না দাস পুরকায়স্ত, বেগম সাদেকা খিউল্লাহ বক্তৃতা করবেন। সভাপতিত্ব করবেন ডঃ বাগেনা মান্নাউদ্দিন।